বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা
বার্ড এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২
৪র্থ কোয়ার্টার প্রতিবেদন এর প্রমাণক ক্রমিক নং ১.১

# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী ২০২১-২০২২

তারিখ: ৩০ জুন ২০২২ খ্রিস্টাব্দ
সময়: সকাল ১০:০০ টা
স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

**সভাপতি: জনাব মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড।**

**উপস্থিত সদস্যবৃন্দ:**

১। মোঃ সফিকুল ইসলাম, অতিরিক্ত মহাপরিচালক, বার্ড;
২। জনাব রঞ্জন কুমার গুহ, পরিচালক (পল্লী শিক্ষা ও সমাজ উন্নয়ন), বার্ড;
৩। জনাব আবদুল্লাহ আল হুসাইন, যুগ্ম-পরিচালক গবেষণা), বার্ড;
৪। জনাব আবু তালেব, যুগ্ম-পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড;
৫। জনাব ফারুক হোসেন, সহকারী পরিচালক (ক্রীড়া), বার্ড।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী একাডেমির নৈতিকতা কমিটির ৪র্থ সভা অদ্য ৩০/০৬/২০২২ খ্রিস্টাব্দ সকাল ১০:০০ টায় মহাপরিচালক, বার্ড মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। মহাপরিচালক, বার্ড এবং নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত ২৯/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থবছরের ৩য় সভার কার্যবিবরণী পঠন শেষে কমিটির সকল সদস্যদের সম্মতিতে তা অনুমোদন করেন। একই সাথে মহাপরিচালক মহোদয় পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। এ পর্যায়ে কমিটির সদস্য-সচিব জনাব আবদুল্লাহ আল হুসাইন ২০২১-২০২২ এর কর্মপরিকল্পনার প্রযোজ্য কার্যক্রম অনুযায়ী আলোচনার বিষয়সমূহ উপস্থাপন করেন। বিশদ আলোচনা এবং সম্মানিত সদস্যদের মতামতের প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

### (১) বার্ডের ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নির্ধারিত কার্যক্রমের উপর আলোচনাঃ

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ১.৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ৪র্থ কোয়ার্টারের অংশীজনের সভা গত ২৮ জুন ২০২২ তারিখ একাডেমির ৯টি বিভাগের পরিচালকগণ, আমন্ত্রিত অংশীজন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার ও উদ্ভাবনী কার্যক্রম এর সাথে সংশ্লিষ্ট অনুষদ সদস্যগণ, সকল কর্মকর্তা এবং শাখা প্রধান, বার্ডে চলমান দুটি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী প্রতিনিধিগণকে নিয়ে অনুষ্ঠিত হয়। | নৈতিকতা কমিটি |
| ১.৫ (গ) টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ সংক্রান্ত: অকেজো মালামালের নিলাম আয়োজন | গত ১০/০৪/২০২২ এবং ০৯/০৫/২০২২ তারিখ অনুষ্ঠিত দুটি নিলামের মধ্যমে যথাক্রমে বার্ডের হোস্টেল এবং প্রশিক্ষণ বিল্ডিং এর স্যুয়ারেজ লাইনের ময়লাযুক্ত পাইপ এবং সোলার সিস্টেম এর অকেজো ব্যাটারী নিলামের মাধ্যমে বিক্রয় করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। ভবিষ্যতে অকেজো মালামাল নিলাম আয়োজন করে স্বল্প সময়ের মধ্যে বিক্রির ব্যবস্থা করতে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন), নিলাম কমিটির সভাপতি এবং স্টোর শাখা |
| ২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | কোভিড-১৯ এর প্রাদুর্ভাবজনিত কারণে দু-একটি পিএসসি সভা আয়োজন করা সম্ভব হয়নি বলে সভাকে প্রকল্প বিভাগের পক্ষ থেকে অবহিত করা হয়। | -- |

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এ বর্ণিত কার্যক্রমের অনুক্রম ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ড আধুনিকায়ন প্রকল্পের এ অর্থবছরের প্রাক্কলিত অর্থ শতভাগ খরচ করা সম্ভব হয়নি বলে সভাকে জানানো হয়। উল্লেখ্য, এ প্রকল্পটি ৩০ জুন ২০২২ এ শেষ হওয়ার কথা থাকলেও এটির মেয়াদ বৃদ্ধি করা হচ্ছে। | -- |
| ২.৪ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | যে একটি প্রকল্পের মেয়াদ শেষে সম্পদ হস্তান্তরের পরিকল্পনা ছিল, সে প্রকল্পের মেয়াদ ইতোমধ্যেই বৃদ্ধি পেয়েছে। | -- |
| ৩.২ (ক) প্রশিক্ষণ কোর্সের মানোন্নয়নে একেডেমির বুনিয়াদি/দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী কর্তৃক অনলাইনে বক্তা মূল্যায়ন এবং মূল্যায়নের ভিত্তিতে বক্তাদের ফিডব্যাক প্রদান নিশ্চিতকরণ | সভায় আলোচনা হয় যে, অনলাইনে বক্তা মূল্যায়নের ক্ষেত্রে সকল প্রশিক্ষণার্থী মূল্যায়ন করছে না। ভবিষ্যতে সকল প্রশিক্ষণার্থী যেন বক্তা মূল্যায়নের কাজটি করে সেটি নিশ্চিত করার জন্য প্রশিক্ষণ বিভাগকে ব্যবস্থা নিতে অনুরোধ করা হয়। | পরিচালক (প্রশিক্ষণ) |
| ৩.৪ (খ) অনুষদ সদস্যদের মাধ্যমে নিয়মিত প্রতিটি হোস্টেল তদারকির (৭টি হোস্টেলের জন্য ৭ জন) মাধ্যমে সেবার মানোন্নয়ন | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রতি কোয়ার্টারে অন্তত একবার হোস্টেল পরিদর্শন করে সমস্যা চিহ্নিত করবেন এবং সমাধানে সুপারিশ করবেন। এছাড়া হোস্টেল, ক্যাফেটেরিয়া এবং ক্রীড়া ও বিনোদন কেন্দ্র সম্পর্কিত কমিটির সভা নিয়মিত করার জন্য অনুরোধ করা হয়। | পরিচালক (প্রশাসন) |

**(২) অন্যান্য আলোচনা ও সিদ্ধান্তঃ**

(ক) একাডেমির নিজস্ব প্রশিক্ষণ ও প্রায়োগিক গবেষণার কাজ অর্থবছরের শেষ কোয়ার্টারের জন্য জমিয়ে না রেখে বছর জুড়ে নিয়মিতভাবে তা সম্পাদন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করা হয়।

(খ) ক্রয়ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নে ২০২২-২০২৩ অর্থবছরের প্রথম প্রান্তিকে নৈতিকতা কমিটির উদ্যোগে সরকারী ক্রয়ের উপর একটি প্রশিক্ষণ আয়োজন করা হবে। একাডেমির সংশ্লিষ্ট অনুষদ সদস্য এবং কর্মকর্তা-কর্মচারীগণ এতে অংশগ্রহণ করবেন।

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

30/05/2022
(আবদুল্লাহ আল হুসাইন)
যুগ্ম-পরিচালক (গবেষণা) এবং
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

৩০/৫/২২
(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বার্ড এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

**বিতরণ**

১. পরিচালক (সকল), বার্ড;
২. কমিটির সকল সদস্য, বার্ড;
৩. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ;
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী—মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৬. অফিস কপি।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

# শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে গঠিত নৈতিকতা কমিটির ৪র্থ সভা ২০২১-২০২২

স্থানঃ মহাপরিচালকের অফিস কক্ষ

সভাপতি: জনাব মোঃ শাহজাহান
মহাপরিচালক, বার্ড

তারিখঃ ৩০ জুন ২০২২

## অংশগ্রহণকারীদের উপস্থিতি তালিকা

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | মো: [illegible] ইসলাম<br>অতি: মহাপরিচালক | [signature]<br>৩০/৬/২০২২ |
| ২. | [illegible]<br>পরিচালক | [signature]<br>৩০/৬/22 |
| ৩. | মো. আবু তালেব<br>যুগ্ম পরিচালক | [signature]<br>৩০/৬/22. |
| ৪. | আবদুল্লাহ আল হুসাইন<br>যুগ্ম-পরিচালক | [signature]<br>৩০/০৬/22 |
| ৫. | [illegible] হোসেন<br>সহকারী পরিচালক | [signature]<br>30/06/2022 |
| ৬. | | |
| ৭. | | |